দৈনিক বাংলা

তারিখ ... ১৪-৫-৮৫ ...
পৃষ্ঠা ... ১১ কলাম ... ৬ ...

০৮ 074

## জেলা ও উপ-জেলা সীমানা নির্ধারণ কমিশন

জেলা, উপজেলা এবং থানার বর্তমান সীমানা পুনঃনির্ধারণ সম্পর্কে সুপারিশ করার জন্য সরকার একটি সীমানা নির্ধারণ কমিশন নিয়োগ করেছেন। ঢাকার তেজগাঁয়ে অবস্থিত পুরাতন সংসদ ভবনে কমিশনের দফতর স্থাপন করা হয়েছে।

বর্তমান জেলা, উপজেলা বা থানার সীমানা পরিবর্তন সম্বন্ধে কারো কোন প্রস্তাব থাকলে তা লিখিতভাবে সদস্য-সচিব, সীমানা নির্ধারণ কমিশন, পুরাতন সংসদ ভবন (স্পীকার ব্লক) তেজগাঁও ঢাকা—১৫ ঠিকানায় পাঠাবার জন্য অনুরোধ করা হয়েছে। প্রস্তাবের পক্ষে যথাযথ যুক্তি, যেমন, যোগাযোগ ব্যবস্থা, প্রশাসনিক সুবিধা, অর্থ সামাজিক এবং সাংস্কৃতিক যৌক্তিকতা উল্লেখ করতে হবে।

প্রস্তাব পাঠাবার শেষ তারিখ আগামী ২০শে জুন খবর তথ্য বিবরণীর।